দৈনিক
ইত্তেফাক

তারিখ . 18 APR 2015 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫



ওসমানীনগর (সিলেট): কালবৈশাখীতে স্কুলের চাল ভেঙ্গে যাওয়ায় খোলা আকাশের নিচে পাঠদান দিচ্ছেন শিক্ষকরা -ইত্তেফাক

# ঝড়ে লণ্ডভণ্ড প্রাইমারি স্কুল মেরামত হয়নি

ওসমানীনগর (সিলেট) সংবাদদাতা

কালবৈশাখী ঝড়ে লন্ডভন্ড হয়ে গেছে ওসমানীনগর উপজেলার মজলিশপুর হাজী রেহান আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়। ফলে গত প্রায় এক মাস ধরে খোলা আকাশের নিচে ক্লাস করছে বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীরা। এতে ওই বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে।

২০০০ সালে মজলিশপুর গ্রামে হাজী রেহান আলী বিদ্যালয়টি ৪টি শ্রেণী কক্ষ নিয়ে প্রতিষ্ঠা করেন। বর্তমান বিদ্যালয়টি জাতীয়করণ হয়েছে। বিদ্যালয়ে ১শ ৫৫জন ছাত্র/ছাত্রী রয়েছে। চার কক্ষের একটি টিনসেড ঘরে বিদ্যালয় পরিচালিত হয়ে আসলেও এখানো কোন ভবন নির্মাণ করা হয়নি। ইতিমধ্যে সরকারিকরণ হওয়ার পর ভবন নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করা হয়েছে। সম্প্রতি কালবৈশাখী ঝড়ে বিদ্যালয়ের ভবনেব চালা উড়ে যায় বিদ্যালয়ের একমাত্র ঘরটির। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল মোনায়েম বলেন, কালবৈশাখী ঝড়ে বিদ্যালয়ে ব্যাপক ক্ষতি হয়েছে। একটি ক্লাস রুমে কোনরকমে ক্লাস করতে পারলেও অন্য রুমের মধ্যে ক্লাস করানো সম্ভব হচ্ছে না। তাই খোলা আকাশের নিচে ক্লাস নিতে বাধ্য হচ্ছি। বিষয়টি তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছেন বলে জানান তিনি। উপজেলা নির্বাহী কর্মকর্তা আশরাফুর রহমান বলেন, ঝড়ে ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোর তালিকা করে উর্ধ্বতন কর্তৃপক্ষে কাছে পাঠানো হয়েছে। বরাদ্দ পেলে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।